

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

বিএফআইইউ সার্কুলার লেটার নং: ২/২০১৮

তারিখ: ৯ বৈশাখ, ১৪২৫  
২২ এপ্রিল, ২০১৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

তথ্যের গোপনীয়তা সংরক্ষণে আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক অনুসরণীয় নির্দেশনা জারীকরণ প্রসঙ্গে।

মানিলভারিং প্রতিরোধ আইন ও বিধিমালার আলোকে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট এর সাথে বিনিময়কৃত তথ্যাদি গোপনীয় বিবেচনায় উক্ত তথ্যের গোপনীয়তা রক্ষার ব্যর্থতা আইনত দণ্ডনীয়। তথ্যের গোপনীয়তা সংরক্ষণের জন্য মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩(১)(ঘ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পরিপালনের নিমিত্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা যাচ্ছে:

ক) আর্থিক প্রতিষ্ঠান ও বিএফআইইউ এর মধ্যে যোগাযোগের কোনো তথ্য প্রকাশ করা যাবে না। আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক তাদের শাখা বা বিভাগ হতে বিএফআইইউ এর যাচনা মোতাবেক ধ্রাহকের হিসাব সংক্রান্ত তথ্য, দলিলাদি বা সংশ্লিষ্ট অতিরিক্ত তথ্য বা দলিলাদি সংগ্রহের ক্ষেত্রে বিএফআইইউ এর পত্রের রেফারেন্স, পত্রের অনুলিপি (পত্র সংযুক্তিসহ) বা ই-মেইল শাখা বা বিভাগে সরবরাহ করা যাবে না অথবা বিএফআইইউ এর নাম উল্লেখ করা যাবে না;

খ) হিসাব অবরুদ্ধকরণ বা লেনদেন স্থগিতকরণ সংক্রান্ত বিএফআইইউ এর আদেশের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান বিএফআইইউ এর পত্রে উল্লিখিত আইনের ধারা উল্লেখপূর্বক সংশ্লিষ্ট শাখাকে অবহিত করতে পারবে। তবে বিএফআইইউ এর পত্রের রেফারেন্স বা পত্রের অনুলিপি শাখায় সরবরাহ করা যাবে না;

গ) উপর্যুক্ত ক ও খ নম্বর অনুচ্ছেদ বাস্তবায়নে আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় প্রয়োজনে আলাদা অফিস আদেশ জারী করতে পারে;

ঘ) বিএফআইইউ কর্তৃক প্রেরিত সকল পত্রের বা Message এর জবাব goAML Message Board ব্যবহার করে প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান বিএফআইইউ কর্তৃক প্রেরিত যে পত্র বা Message এর জবাব প্রেরণ করবে সেই নির্দিষ্ট Message টি খুলে ‘Reply’ Button ব্যবহার করে জবাব প্রদান করবে। এ ইউনিটের কোনো কর্মকর্তার দাঙ্গরিক ই-মেইল হতে প্রেরিত পত্র বা ই-মেইলের জবাব সংশ্লিষ্ট কর্মকর্তার দাঙ্গরিক ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে;

ঙ) বিএফআইইউ কর্তৃক যাচিত বিষয়ে কোনো তথ্য না থাকলে কোনো হার্ড কপি প্রেরণ করতে হবে না, শুধুমাত্র goAML Message Board বা প্রযোজ্য ক্ষেত্রে দাঙ্গরিক ই-মেইল ব্যবহার করে পত্রের ক্ষ্যান কপি প্রেরণ করবে। তবে যাচিত বিষয়ে কোনো তথ্য থাকলে বিএফআইইউ কর্তৃক প্রেরিত পত্র বা Message-এর নির্দেশনা মোতাবেক সফট কপি (goAML Message Board বা দাঙ্গরিক ই-মেইল এর মাধ্যমে), হার্ড কপি অথবা উভয়ই প্রেরণ করতে হবে;

চ) goAML Message Board বা দাঙ্গরিক ই-মেইলে কারিগরি সমস্যার ক্ষেত্রে পত্র মারফত তথ্য বা দলিলাদি (হার্ড কপি) বিনিময় করতে হবে।

২। তথ্যের গোপনীয়তা সংরক্ষণে আপনাদেরকে অধিকতর সচেতনতার সাথে দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করা হলো।  
এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাকির হোসেন চৌধুরী)  
মহাব্যবস্থাপক  
ফোন: ৯৫৩০১১৮